BAPEX

# বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)

কোম্পানি সচিবালয়

বোর্ড উপবিভাগ

বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫

বিষয় : ডিসেম্বর, ২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার স্থান : বাপেক্স বোর্ড রুম

তারিখ ও সময় : ১৯ ডিসেম্বর, ২০২৪ দুপুর ৩.৩০ মিনিট

সভাপতি : জনাব মোঃ শোয়েব, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত নিশ্চিতকরণ | ব্যবস্থাপনা পরিচালক মাসিক সমন্বয় সভার শুরুতে বিগত মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরনী নিশ্চিতকরণের নির্দেশনা প্রদান করেন। | (ক) প্রতি মাসের মাসিক সমন্বয় সভায় পূর্ববর্তী মাসের কার্যবিবরণী নিশ্চিত করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (বোর্ড) |
| ২ | জিওবি অর্থায়নে প্রকল্প গ্রহণ | মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস) জানান যে, জামালপুর-১ কুপ খননের চুক্তি সম্পাদন কার্যক্রম চলমান রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক চুক্তি কার্যক্রম দ্রুত সম্পন্ন করার পরামর্শ প্রদান করেন। | (ক) জামালপুর-১ কূপ খননের জন্য মালামাল সংগ্রহের লক্ষ্যে দ্রুত চুক্তি সম্পাদন করতে হবে। | ১। সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক এবং সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপক |
| ২.১ | ভোলা নর্থ-এর প্রসেস প্ল্যান্ট স্থাপন | ভোলা নর্থ-এর প্রসেস প্ল্যান্ট স্থাপনের অগ্রগতির বিষয়ে জানতে চাইলে মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, DPP ECNEC সভায় উপস্থাপনের লক্ষ্যে বাংলাদেশ পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক বাংলাদেশ পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | ক) বাংলাদেশ পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক (ভোলা নর্থ প্রসেস প্ল্যান্ট) |
| ২.২ | ১টি Drilling Rig ক্রয় প্রসঙ্গে | মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, বাংলাদেশ পরিকল্পনা কমিশন ২টি রিগ একসাথে ক্রয় করার পরামর্শ দিয়েছে। কিন্তু দুইটি রিগ একসাথে ক্রয় করলে দায় (liability) অনেক বেড়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে বিধায় আপাতত ১টি রিগ ক্রয় করা সমীচীন হবে বলে তিনি সভাকে অবহিত করেন।<br>ব্যবস্থাপনা পরিচালক Technically বোর্ড পেপার প্রস্তুত করার নির্দেশনা প্রদান করেন এবং পুর্বের টেন্ডার বাতিল করে পুনরায় পরিমার্জিত দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের নির্দেশনা প্রদান করেন। | (ক) রিগ ক্রয়ের বিষয়ে একটি কার্যপত্র প্রস্তুত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |
| ২.৩ | গভীর কূপ খনন প্রকল্প | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, বাংলাদেশ পরিকল্পনা কমিশনে DPP অনুমোদনের বিষয়টি প্রক্রিয়াধীন। ব্যবস্থাপনা পরিচালক পরিকল্পনা কমিশনের সহিত যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন। | ক) বাংলাদেশ পরিকল্পনা কমিশনের সহিত সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ৩ | বাপেক্সের ওয়ার্কওভার কাজের শিডিউল নির্ধারণ | ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, বাপেক্সের ওয়ার্কওভার কাজের শিডিউল ইতোমধ্যেই নির্ধারণ করা হয়েছে। তিনি পরিচালক পর্ষদের পরবর্তী সভায় জকিগঞ্জ ১ ও ২ এর কার্যপত্র উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন । | (ক) জকিগঞ্জ-১ ও ২ এর বিষয়ে পরবর্তীতে পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | মহাব্যবস্থাপক (খনন) জানান যে, বাপেক্সের আগামী ২০২৫-২০২৯ সালের কর্মপরিকল্পনার আওতায় সেমুতাং-৬ কূপটি ওয়ার্কওভার করা হবে। তিনি ওয়ার্কওভার কার্যক্রম গ্রহণের পূর্বে কূপের কারিগরি তথ্যাদি আরো যাচাই-বাছাই করার পক্ষে মতামত ব্যক্ত করেন। তিনি আরো জানান যে, শাহবাজপুর-৪ কূপে ওয়ার্কওভার করার জন্য পরিচালক পর্ষদের নির্দেশনা রয়েছে। তিনি MS Tubing এর পরিবর্তে Chromium Alloy Tubing এর মাধ্যমে ওয়ার্কওভার পরিচালনা করার পক্ষে মতামত ব্যক্ত করেন। এ পর্যায়ে মহাব্যবস্থাপক (উৎপাদন) Chromium Alloy Tubing ক্রয় কাজ উৎপাদন বিভাগের মাধ্যমে সম্পাদনের জন্য অনুরোধ করেন। | (খ) ৫টি কূপ খননের বিষয়ে EOI আহবানের কার্যপত্র উপস্থাপন করতে হবে।<br>(গ) সেমুতাং-৬ কূপের কারিগরি তথ্য অধিকতর যাচাই-বাছাই করতে হবে।<br>(ঘ) উৎপাদন বিভাগের মাধ্যমে Chromium Alloy Tubing ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঙ) MS Tubing এর পরিবর্তে Chromium Alloy Tubing ক্রয় পূর্বক শাহবাজপুর-৪ ওয়ার্কওভার করার ব্যবস্থা করতে হবে। | ৩। ২। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব)<br>৪। মহাব্যবস্থাপক (উৎপাদন) |
| ৪ | চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা এলাকায় ৩ডি সাইসমিক জরিপ কার্যক্রম সংক্রান্ত | উপমহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) জনাব মোঃ রেজাউল হালিম জামালপুর-১ কূপ খননের জন্য IIFC এর সাথে Feasibility Study চুক্তি না হলে বোর্ডে উপস্থাপন করা সমীচীন হবেনা মর্মে অবহিত করলে ব্যবস্থাপনা পরিচালক চুক্তির পর কার্যপত্র উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।<br><br>ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স এর ভবিষ্যত ২ডি/৩ডি সাইসমিক পরিকল্পনা সম্পর্কে জানতে চাইলে প্রকল্প পরিচালক জনাব তারিকুল ইসলাম জানান যে, আগামী মাঠ মৌসুমে বাপেক্স এর নিজস্ব কোন ৩ডি সাইসমিক উপাত্ত সংগ্রহের কোন কর্মসূচি নেই। আগামী মাঠ মৌসুমে সুবর্ণচর, ফেনী এবং শৈলকুপা এলাকায় বাপেক্স এর নিজস্ব জনবল ব্যবহার করে ২৫০০ বর্গ কি.মি ৩ডি উপাত্ত সংগ্রহের লক্ষ্যে একটি প্রকল্প প্রস্তাবনা বিগত ১৮ নভেম্বর, ২০২৪ তারিখে বাপেক্স বোর্ড রুমে মহাব্যবস্থাপক বৃন্দের উপস্থিতিতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর উপস্থাপন করা হয়। তিনি আগামী মাঠ মৌসুমে উপাত্ত সংগ্রহের লক্ষ্যে দ্রুত ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন করতঃ প্রকল্প গ্রহণের মতামত ব্যক্ত করেন। | (ক) জামালপুর-১ কূপ খননের জন্য IIFC এর সহিত Feasibility Study চুক্তি সম্পাদনের বিষয়ে পরবর্তীতে পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে।<br>(খ) সুবর্ণচর, ফেনী ও শৈলকুপা এলাকায় ২৫০০ বর্গ কি.মি উপাত্ত সংগ্রহের লক্ষ্যে ব্যয় প্রাক্কলন ও Feasibility Study সম্পন্ন করতঃ প্রকল্প প্রস্তাব পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন)<br>২। মহাব্যবস্থাপক (ভূপদার্থ)<br>৩। উপমহাব্যবস্থাপক (ভূপদার্থ) |
| ৫ | অডিট আপত্তি | ব্যবস্থাপনা পরিচালক সামনে অডিট আপত্তি সংক্রান্ত মিটিং এর জন্য প্রয়োজনীয় জবাব এবং কাগজপত্র তৈরি রাখার নির্দেশনা প্রদান করেন। | (ক) অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির বিষয়ে একটি কার্যপত্র প্রস্তুত রাখতে হবে। | ১।উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা, ভারপ্রাপ্ত) |
| ৬ | অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম | ব্যবস্থাপনা পরিচালক অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম প্রয়োজনীয়তার নিরিখে সম্পন্ন করে দ্রুত রিপোর্ট প্রদানের পরামর্শ দেন। | ক) প্রয়োজনীয়তার নিরিখে নতুন অর্গানোগ্রাম প্রণয়ন কাজ সম্পন্ন করে দ্রুত প্রতিবেদন দাখিল করতে হবে। | (ক) মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>(খ) মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) ও আহবায়ক, অর্গানোগ্রাম প্রণয়ন কমিটি |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৭ | রূপগঞ্জে বাপেক্সের অধিগ্রহণকৃত ভূমি স্থায়ীভাবে রেজিস্ট্রেশন | মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, রূপগঞ্জ গ্যাসক্ষেত্রের ভূমির রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্নের নিমিত্তে রাজউক এর সাথে যোগাযোগ করা হয়েছে। বর্তমানে রেজিস্ট্রেশন কার্যক্রম বন্ধ রয়েছে। পুনরায় রেজিস্ট্রেশন চালু হলে দ্রুততম সময়ের মধ্যে তা সম্পন্ন করা যাবে বলে আশা প্রকাশ করেন। | (ক) রূপগঞ্জ এলাকায় অধিগ্রহণকৃত জমি স্থায়ীভাবে রেজিস্ট্রেশন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>(খ)উপমহাব্যবস্থাপক (সেবা) |
| ৮ | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার করা | উপমহাব্যবস্থাপক (সেবা) জানান যে, বাপেক্স ভবনের নিরাপত্তা জোরদার করা হয়েছে। তিনি বাপেক্স ভবনের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে ভবনের বাহ্যিক সৌন্দর্যের সাথে সামঞ্জস্য রেখে নিরাপত্তা বেষ্টনী বা দেওয়াল আরো মজবুত করে নির্মাণের বিষয়টি পর্যালোচনা করে নকশা প্রণয়নের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। তিনি বাপেক্স ভবনের ড্রয়িং করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে মর্মে সভাকে অবহিত করেন। | (ক) বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার করতে হবে।<br>(খ) নির্মাণ বিভাগ ও সেবা উপবিভাগের সমন্বয়ে বাপেক্স ভবনের নিরাপত্তা বেষ্টনী বা দেওয়াল আরো মজবুত করে নির্মাণের ব্যবস্থা করতে হবে | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা) |
| ৯ | বিবিধ: | ১। মহাব্যবস্থাপক (খনন) জানান যে, নতুন যোগদানকৃত ট্রেইনি ড্রিলারদের ট্রেনিং এর জন্য BPI-এর সাথে আলোচনা হয়েছে এবং দ্রুত সময়ের মধ্যে প্রশিক্ষনের ব্যবস্থা করা হবে। | (১) নতুন যোগদানকৃত ট্রেইনি ড্রিলারদের দ্রুত প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (প্ল্যানিং এন্ড আইসিটি) |
| | | ২। মহাব্যবস্থাপক (উৎপাদন) বেগমগঞ্জ গ্যাস ক্ষেত্রের জন্য নতুন প্রসেস প্লান্ট স্থাপনের জন্য প্রয়োজনীয় মালামাল সংগ্রহ করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক পরবর্তীতে উক্ত বিষয়ে পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | (২) বেগমগঞ্জ গ্যাস ক্ষেত্রে অভ্যন্তরে নতুন প্রসেস প্লান্ট স্থাপনের জন্য প্রয়োজনীয় মালামাল সংগ্রহের কার্যপত্র উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ভূপদার্থ)<br>২। মহাব্যবস্থাপক (উৎপাদন) |
| | | ৩। মহাব্যবস্থাপক (ভূপদার্থ) (অঃ দাঃ) সভাকে অবহিত করেন যে, ২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক-৬বি সাউথ এন্ড ১০ প্রকল্পের আওতায় বাপেক্সে নিজস্ব সাইসমিক Crew দ্বারা সাইসমিক উপাত্ত সংগ্রহের কাজ চলমান আছে। উক্ত সাইসমিক উপাত্ত সংগ্রহের কাজের সংশ্লিষ্ট মালামাল সংরক্ষণের জন্য উপযুক্ত কোন গোডাউন বা ওয়ারহাউজ নেই। বাপেক্সের সাইসমিক উপাত্ত সংগ্রহে ব্যবহৃত মালমাল সংরক্ষণের নিমিত্ত গোডাউন বা ওয়ারহাউজ নির্মাণ করা আবশ্যক। ব্যবস্থাপনা পরিচালক ভূ-পদার্থিক বিভাগের চাহিদার আলোকে একটি গোডাউন বা ওয়ারহাউজ নির্মাণের জন্য উপযুক্ত স্থান নির্বাচন ও আকৃতি নির্ধারণের জন্য মহাব্যবস্থাপক (ভূ-পদার্থিক), মহাব্যবস্থাপক (নির্মাণ) এবং মহাব্যবস্থাপক (প্ল্যানিং এন্ড আইসিটি) এর সমন্বয়ে একটি কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন। | (৩) ভূপদার্থিক বিভাগের চাহিদা অনুযায়ী একটি গোডাউন বা ওয়ারহাউজ তৈরির জন্য উপযুক্ত স্থান নির্বাচন ও আকৃতি নির্ধারনের জন্য মহাব্যবস্থাপক (ভূপদার্থ), মহাব্যবস্থাপক (নির্মাণ) এবং মহাব্যবস্থাপক (প্ল্যানিং এন্ড আইসিটি) এর সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে। | ক) মহাব্যবস্থাপক (প্ল্যানিং এন্ড আইসিটি)<br>খ) মহাব্যবস্থাপক (ভূপদার্থ)<br>গ) মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| | | ৪। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) জানান যে, পেট্রোবাংলা কর্তৃক ২০২৫-২০২৮ সাল নাগাদ ১০০টি কূপ খনন/ওয়ার্কওভারের পরিকল্পনা এর আওতায় বাপেক্স কর্তৃক চিহ্নিত এবং খননতব্য অনুসন্ধান/উন্নয়ন কূপসমূহ Standered Operating Procedure (SOP) অনুসরণে পুঙ্খানুপুঙ্খরূপে যাচাই-বাছাইকরণের লক্ষ্যে Bengal Basin সম্পর্কে জ্ঞানসম্পন্ন অভিজ্ঞ ০২জন আন্তর্জাতিক পরামর্শক (Geology background সম্পন্ন ০১জন | (৪) খন্ডকালিন (২৪ জনমাস) সময়ের জন্য ০২জন আন্তর্জাতিক পরামর্শক নিয়োগের নিমিত্তে ভূতাত্ত্বিক বিভাগ হতে দরপত্র আহবান করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | Geophysicist এবং ০১জন Petrophysicist) খন্ডকালিন (২৪ জনমাস) সময়ের জন্য নিয়োগ করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক ভূতাত্ত্বিক বিভাগ হতে দরপত্র আহবানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | | |
| | | ৫। মহাব্যবস্থাপক (অঃ দাঃ), আঞ্চলিক কার্যালয় চট্টগ্রাম বলেন যে, বর্ষা মৌসুমে জলাবদ্ধতার কারণে পতেঙ্গার ৩ ও ৪ নম্বর গুদামে সংরক্ষিত মালামাল ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা রয়েছে। তাই গুদাম দুটি মেরামত করা প্রয়োজন। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, বাপেক্সের সাথে নাইকোর চলমান মামলা সংশ্লিষ্ট মালামাল উক্ত গুদামে সংরক্ষিত থাকায় মেরামতকরণের ক্ষেত্রে আইনি জটিলতা হতে পারে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক উক্ত বিষয়ে দিক-নির্দেশনা কামনা করে R&D বিভাগ হতে পেট্রোবাংলার নিকট পত্র প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন। | (৫) প্রয়োজনীয় দিক-নির্দেশনা কামনা করে R&D বিভাগ হতে পেট্রোবাংলার নিকট পত্র প্রেরণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট) |
| | | ৬। উপমহাব্যবস্থাপক (সংস্থাপন) দ্রব্যমূল্য বৃদ্ধির সাথে সামঞ্জস্য রেখে বাপেক্সের লাঞ্চ ভাতা বৃদ্ধির জন্য ব্যবস্থাপনা পরিচালকের দৃষ্টি আকর্ষন করলে তিনি পেট্রোবাংলার অন্যান্য কোম্পানি হতে প্রয়োজনীয় ডকুমেন্টস সংগ্রহপূর্বক পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করার পরামর্শ প্রদান করেন। | (৬) লাঞ্চ ভাতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস সংগ্রহপূর্বক কার্যপত্র উপস্থাপন করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (সংস্থাপন) |

পরিশেষে, ব্যবস্থাপনা পরিচালক IPS Cardwell Rig Rehabilitation সফলভাবে সম্পন্ন করার জন্য সন্তোষ প্রকাশ করে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান এছাড়া ৩৫তম এজিএম সফলভাবে আয়োজনের জন্য কোম্পানি সচিব, পরিচালক পর্ষদ এবং সাচিবিক কাজের সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। আলোচনার আর কোন বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০২/২৪

মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক
এবং
সভাপতি, মাসিক সমন্বয় সভা

বিতরণ:

১) মহাব্যবস্থাপক ........................................ বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক ........................................ বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/ প্রকল্পব্যবস্থাপক ........................................ বাপেক্স।
৪) অফিস কপি।